দৈনিক বাংলা

তারিখ 10 SEP 1991
পৃষ্ঠা ১ কলাম ৫

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর মনিরুজ্জামান মিয়ার নেতৃত্বে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা পরিবেশ পরিষদের সদস্যবৃন্দ মঙ্গলবার প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সাথে তাঁর সচিবালয় অফিসে সাক্ষাৎ করেন

## ছাত্রদের প্রতি প্রধানমন্ত্রীর আহ্বান

# শিক্ষাঙ্গনে সন্ত্রাসের বিরুদ্ধে আন্দোলন গড়ে তুলতে হবে

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ছাত্রসমাজের বৃহত্তর স্বার্থে ছাত্রদের ছোটখাট মতপার্থক্যের উর্ধ্বে উঠে সন্ত্রাস দমনে অগ্রণী ভূমিকা পালন ও শিক্ষার সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করার আহবানজানিয়েছেন।

স্বৈরাচারবিরোধী আন্দোলনে ছাত্রদের গৌরবোজ্জ্বল ভূমিকার কথা স্মরণ করিয়ে দিয়ে প্রধানমন্ত্রী গতকাল তাদের সেই একই চেতনায় সন্ত্রাস ও সহিংসতার বিরুদ্ধে আন্দোলন গড়ে তোলার আহবান জানান। খবর বাসস'র।

প্রধানমন্ত্রী গতকাল তার সচিবালয় অফিসে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা পরিবেশ পরিষদের সদস্যদের সঙ্গে কথা বলছিলেন।

সন্ত্রাসবাদীদের আশ্রয় না দেয়ার জন্যও তিনি ছাত্র সংগঠনগুলোর প্রতি আহবানজানান।

বেগম খালেদা জিয়া আরো বলেন যে বর্তমান গণতান্ত্রিক সরকার সেশন জটসহ শিক্ষাঙ্গনের সব সমস্যা সমাধানে বদ্ধ পরিকর। তিনি বলেন, শিক্ষাখাতের বর্তমান অবস্থা উন্নয়নের লক্ষেই চলতি বাজেটে এই খাতে সবচেয়ে বেশি টাকা বরাদ্দ করা হয়েছে।

প্রধানমন্ত্রী আরো বলেন যে ছাত্রদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করতে সরকার নয়া কর্মসূচী নেবে। সরকার ছাত্র ও শিক্ষকদের সব সমস্যা সমাধানে আগ্রহী বলেও তিনি উল্লেখ করেন।

বেগম জিয়া বলেন, আমি জানি

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## শিক্ষাঙ্গনে

(প্রথম পৃঃ পর)

গণতান্ত্রিকভাবে নির্বাচিত এই সরকারের কাছে জনগণের মতই ছাত্রসমাজেরও উচ্চ প্রত্যাশা রয়েছে। দৃঢ়তার সঙ্গে তিনি আরো বলেন যে ছাত্রসহ সবার সহযোগিতা নিয়ে সরকার তাদের প্রত্যাশা পূরণের চেষ্টা করবে।

প্রধানমন্ত্রী বলেন যে স্বৈরাচারী সরকার তার অন্যতম কুফল হিসাবে শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে সন্ত্রাসবাদ রেখে গেছে। স্বৈরাচারের বিরুদ্ধে দীর্ঘ সংগ্রামের পর প্রতিষ্ঠিত গণতন্ত্রের সুফল ভোগ করতে হলে সন্ত্রাসবাদ অবশ্যই দমন করতে হবে বলেও তিনি উল্লেখ করেন।

সন্ত্রাসবাদ দমনে শিক্ষাকদের ভূমিকা উল্লেখ করে প্রধানমন্ত্রী তাদের ক্যাম্পাসে সন্ত্রাস দমন ও ছাত্রদের উজ্জ্বল ভবিষ্যৎ নিশ্চিত করার জন্য সব মহলকে সর্বাত্মক সহযোগিতা করার আহবান জানান।

ক্যাম্পাসে সন্ত্রাসবাদ দমনে প্রধানমন্ত্রী সব মহলকে সর্বাত্মক সহযোগিতা দেয়ার ব্যাপারে তার সরকারের প্রতিশ্রুতির কথা পূর্নব্যক্ত করেন।

প্রধানমন্ত্রীর সঙ্গে গতকালের বৈঠকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর মনিরুজ্জামান মিঞা, প্রো-ভিসি ওয়াকিল আহমদ, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির প্রেসিডেন্ট আনোয়ারুল্লাহ চৌধুরী, প্রক্টর এম শাজাহান মিয়া, ডাকসু ভিপি আমানউল্লাহ আমান, ডাকসু সাধারণ সম্পাদক খায়রুল কবীর খোকন, বাংলাদেশ ছাত্রলীগ (শা-অ) প্রেসিডেন্ট মুহম্মদ শাহ আলম ও সাধারণ সম্পাদক অসীম কুমার উকিল, ছাত্রলীগ (না-শ) প্রেসিডেন্ট নাজমুল হক প্রধান, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হলের প্রভোস্টগণ ও অন্যান্য ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রধানমন্ত্রীর সঙ্গে মতবিনিময়কালে শিক্ষক ও ছাত্র প্রতিনিধিগণ বলেন যে সন্ত্রাসবাদসহ শিক্ষাঙ্গনের বিভিন্ন সমস্যা সমাধানে বর্তমান সরকারের আন্তরিকতা ও দৃঢ়তা এর পূর্বেও প্রধানমন্ত্রীর সঙ্গে ছাত্র ও শিক্ষকদের বিভিন্ন বৈঠকে ব্যক্ত হয়েছে।

বৈঠকে বক্তাগণ শিক্ষাঙ্গনে বিরাজমান বিভিন্ন সমস্যা সম্পর্কে ছাত্র, শিক্ষক, রাজনৈতিক দল ও বিশ্ববিদ্যালয় প্রশাসনসহ সব মহলের সম্মিলিত প্রচেষ্টার প্রয়োজনীয়তার প্রতি গুরুত্ব আরোপ করেন।